মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম ও সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর পৌর বিএনপি’র বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ৫টার দিকে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। পৌর বিএনপির সাধারণ সম্পাদক ওবায়দুল্লাহ ইসলাম সেন্টুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

এছাড়াও এসময় জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মাহাবুবুর রহমান মাহবুব, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন,যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাউছার আলী,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় মেহেরপুর সদর,গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিভিন্ন বিক্ষোভ মিছিল করে সমাবেশে যোগদান করে।

এর আগে জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের

স্থানে শেষ হয়।

গাংনীতে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে অভিভাবক সমাবেশ

ছাত্র-ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনীর ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক ও স্কুল ব্যবস্থাপনা কমিটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট)দুপুরের দিকে ভাটপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এ সমন্বয় সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ হুমায়ূন কবির (সুমন)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোঃ উবাইদুল্লাহ।

ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ তৌহিদুর রহমান কাকনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, প্রধান শিক্ষক মোঃ শফিকুল ইসলাম।

মুক্ত আলোচনায় শিক্ষার মান উন্নয়নের জন্য মতামত দেন অভিভাবক মোছাঃ জুলিয়া, তাহেরা খাতুন, কাজল, ফিরোজা খাতুন সহ অন্যান্য অভিভাবকবৃন্দ।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ গাংনী এরিয়া অফিসের সহযোগীতায় বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য, গ্রাম উন্নয়ন দলের সদস্য ও স্কুল ব্যবস্থাপনা কমিটি যৌথভাবে এই অভিভাবক সমাবেশের আয়োজন করে।

অনিয়মিত শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়মুখী করা ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, দ্বিমাসিক ভিত্তিতে অভিভাবক সমাবেশ, স্কুলে ঝরে পড়া শিক্ষার্থীদের সংখ্যা বর্তমানে

শূন্য শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো, দূর্বল শিক্ষার্থীদের বাড়তি নজর দেওয়া,সহ নানা সিদ্ধান্ত গৃহীত হয় অভিভাবক সমাবেশে।

এ সময় বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য, গ্রাম উন্নয়ন দলের সদস্য সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুর্ঘটনা রোধে মাঠে জেলা প্রশাসনের তিন ম্যাজিস্ট্রেট

সড়ক দুর্ঘটনা রোধে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে মাঠে নামলেন মেহেরপুর জেলা প্রশাসনের তিন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর-মহাজনপুর সড়কের সদর উপজেলার রাইপুর গ্রামে এ অভিযান চালান তারা।

মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান, আসাদুজ্জামান নুর ও গোলাম রাব্বানী পুলিশকে সাথে নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

এসময় মোটরাসাইকেলের সাথে বৈধ কাগজপত্র, চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর বিভিন্ন ধারায় ৪ জনকে ২০০ টাকা করে মোট ৮০০ টাকা অর্থদন্ড করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী বলেন, মোটরাসাইকেল চালানোর সময় অবস্যই মোটরসাইকেলের বৈধ কাগজপত্র সাথে রাখতে হবে। চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট বাদে মোটরসাইকেল ড্রাইভিং না করা ও সড়ক আইন মেনে গাড়ি ড্রাইভ করার জন্য সবাইকে অনুরোধ করেন তারা।

মেহেরপুরে গ্রাহকদের মাঝে ইসলামিক ব্যাংকের চারা বিতরণ

বৃক্ষের বহুমাত্রিক চাহিদা ও “ বৃক্ষ প্রাণে প্রকৃতি-পরিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে ইসলামিক ব্যাংক বাংলাদেশ লিঃ মেহেরপুর ব্রাঞ্চের উদ্যোগে গ্রাহকদের মাঝে আম্রপালি, লেবু ও পেয়ারার প্রায় ৪ হাজার চারা বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

বুধবার বিকালের দিকে ইসলামিক ব্যাংকের মেহেরপুর ব্রাঞ্চের হলরুমে চারা বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ইসলামিক ব্যাংকের মেহেরপুর ব্রাঞ্চের ম্যানেজার অপারেশন মাসুদ করীম।

গ্রাহকদের হাতে চারা তুলে দিয়ে চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন প্রধান অতিথি ব্যাংক মেহেরপুর শাখা প্রধান মো: জাহাঙ্গীর আলম। ব্যাংকের আরডিএসের প্রজেক্ট ইনচার্জ আশরাফুল আলম স্বগত বক্তব্য রাখেন।

সহকারী প্রকল্প অফিসার মারুফ হুসাইনের সঞ্চালনায় অনুষ্ঠিত চারা বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেনে ইনভেষ্টমেন্ট ইনচার্জ মামুনুর রশিদ।

ইসলামিক ব্যাংক বাংলাদেশ লিমিটেডের পল্লী উন্নয়ন প্রকল্পের মাধ্যমে এই বৃক্ষরোপন কর্মসূচী-২০২২ অনুষ্ঠিত হচ্ছে।
প্রধান অতিথির তার বক্তব্যে ব্যাংকের বিভিন্ন সেবামুলক কার্যক্রম তুলে ধরেন ও শাখার পল্লী উন্নয়ন প্রকল্ল্পের সদস্যদের হাতে গাছের চারা তুলে দেন। এসময় ব্যাংকের বিভিন্ন স্তুরের কর্মকর্তা, কর্মচারী ও গ্রাহকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গাঁজাসহ সাইফুল আটক

মেহেরপুর সদর উপজেলার বারাদী ফাঁড়ি পুলিশের একটি টিম অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুল ইসলাম (৩০)কে আটক করেছে।

আটক সাইফুল ইসলাম সদর উপজেলার সিংহাটি উত্তরপাড়া এলাকারমৃত ইউসুফ মন্ডলের ছেলে।

আজ বুধবার (২৪ আগষ্ট) ভোররাতের দিকে বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই(নিঃ) মফিজুল ইসলামের নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান সিংহাটি গ্রামে অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুলকে গ্রেফতার করে।

এঘটনায় আসামী সাইফুলের বিরুদ্ধে সদর থানায় ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মামলা নং-২৭, তাং-২৪/০৮/২০২২। আজ বুধবার (২৪ আগষ্ট) আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর ইয়ারুল হোটেলের বিরুদ্ধে আদালতের স্বপ্রনোদিত মামলা

মেহেরপুর কলেজ মোড় এলাকায় ইয়ারুল হোটেল নিয়ে গত ২২ অক্টোবর মেহেরপুর প্রতিদিনের প্রথম পাতায় সংবাদ প্রকাশিত হওয়ায় মেহেরপুর সদর আমলী আদালত এর প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ্ স্বপ্রণোদিত হয়ে আদালতে একটি মামলা দায়ের করেছেন।

পত্রিকায় প্রকাশিত সংবাদটি সঠিক হলে তা সাধারণ মানুষের সাথে প্রতারণনা এবং দন্ডবিধি ও নিরাপদ খাদ্য আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ উল্লেখ করে তিনি মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তাকে আগামী ৪ সেপ্টেম্বরের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেন।

উল্লেখ্য, গত ২২ আগষ্ট মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রথম পাতায় “অভিনব প্রতারনায় বিক্রি বাড়ানোর কৌশল. ইয়ারুল হোটেলের নোংরা পরিবেশ বন্ধ হয়নি” শীরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি মেহেরপুর সদর আমলী আদালত এর প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ্ নজরে আসলে স্বপ্রণোদিত হয়ে আদালতে মামলাটি দায়ের করেন তিনি।

এর আগে গত ১৭ আগষ্ট বুধবার দুপুরের দিকে মেহেরপুর নিরাপদ খাদ্য কর্মকর্তার নির্দেশে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা শাখার কর্মকর্তা সজল আহমেদ হোটেলটিতে অভিযান চালিয়ে ১৫ হাজার টাকা জরিমানা করেন।

মেহেরপুরে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত আসামীসহ ৬ জন গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ জন ও গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৩ আসামী গ্রেফতার হয়েছে।

গত মঙ্গলবার (২৩ আগষ্ট) থেকে আজ বুধবার (২৪ আগষ্ট) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

আজ বুধবার (২৪ আগষ্ট) সকালের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর পুলিশের অভিযানে গ্রেফতার ৪ জন

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৪ আসামী গ্রেফতার করেছে। এরা সকলেই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলার আসামি।

এসময় তাদের কাছ থেকে সাড়ে তিন শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ দুই শ গ্রাম গাঁজাসহ ২ জনকে ও সদর থানা পুলিশ দেড় শ গ্রাম গাঁজাসহ ১ জনকে ও অপর একটি মামলায় ১জনসহ দুই জনকে গ্রেফতার করেছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের একাধিক টিম দুটি উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম এসব অভিযান চালান।

এসময় গাংনী থানায় মারামারি মামলা, মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুটি মামলা ও সদর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ও অন্যান্য আইনে ১ টি মামলা রুজ্জু করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে গাঁজাসহ ওয়াজ্জেল

শেখ আটক

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে ১৫০ গ্রাম গাঁজাসহ ওয়াজ্জেল শেখ (৬০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটক ওয়াজ্জেল শেখ মেহেরপুর সদর উপজেলার রাইপুর খন্দকারপাড়া গ্রামের আহাম্মদ শেখের ছেলে। মঙ্গলবার দুপুরের দিকে সদর থানার এএসআই শাকিল খান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে ১৫০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

এএসআই শাকিল খান বলেন, ওয়াজ্জেল হোসেন এলাকার চিহিৃত একজন গাঁজা ব্যবসায়ী। আজকে সে গাঁজা বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালিয়ে তাকে এই গাঁজাসহ আটক করা হয়।

আটক ওয়াজ্জেল হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বেশি দামে সার বিক্রির দায়ে ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরে বিএডিসি সার ডিলার মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে বেশি দামে ইউরিয়া ও টিএসপি সার বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে সদর উপজেলার বামনপাড়ায় এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, বামনপাড়ায় বিএডিসি সার ডিলার মেসার্স মনিরুল ইসলাম এন্ড ব্রাদার্স নামক প্রতিষ্ঠানে তদারকিকালে সরকার নির্ধারিত মূল্যের

অতিরিক্ত মুল্যে সার বিক্রয়ের প্রমাণ পাওয়া যায়। তাদের গোপন নথিপত্র চেক করে ১১০০ টাকার ইউরিয়া ১২৬০ টাকা ও ১১০০ টাকার টিএসপি সার ১৭৫০ টাকাসহ অন্যান্য সারও বেশি দামে বিক্রয়ের গোপন রশিদ জব্দ করা হয়।

তিনি আরো জানান, নির্ধারিত মূল্যের অধিক মুল্যে সার বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়াও শহরের হোটেল বাজারের বেশ কয়েকটি দোকানে চাউল, তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার তদারকি করা হয় এবং ক্রয় বিক্রয় ভাউচার ও মুল্যতালিকা তদারকি করা হয়। ব্যবসায়ীদের অযৌক্তিক মূল্যবৃদ্ধি ও অতিমুনাফার বিষয়ে সতর্ক করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলাম ও পুলিশ লাইনের একটি টিম।

এ সংক্রান্ত আরো মেহেরপুরে দুই হোটেল ব্যবসায়ীর জরিমানা